সংবাদ

তারিখ ২৮ JAN 2003
পৃষ্ঠা ১২ কলাম ৩

# আগের ৭টি কমিশনের সুপারিশ বাস্তবায়িত হয়নি আরও একটি শিক্ষা কমিশন গঠন

**নিজস্ব বার্তা পরিবেশক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিয়াকে চেয়ারম্যান করে চারদলীয় জোট সরকার আর একটি জাতীয় শিক্ষা কমিশন গঠন করেছে। এটি হবে ৮ম জাতীয় শিক্ষা কমিশন। ইতোপূর্বে বিভিন্ন সরকারের আমলে আরও ৭টি শিক্ষা কমিশন গঠিত হলেও কোন কমিশনের সুপারিশই বাস্তবায়িত হয়নি। নতুন কমিশনের চেয়ারম্যান অধ্যাপক মনিরুজ্জামান মিয়া সোমবার তার কমিশনের কার্যপদ্ধতি সম্পর্কে তাৎক্ষণিকভাবে বলেছেন, সবার সাথে আলোচনার মাধ্যমে একটি ব্যাপকভিত্তিক সুপারিশমালা গঠন ঃ পৃঃ ২ কঃ ৪

## গঠন ঃ কমিশন

(১২ পৃষ্ঠার পর)

তৈরি করা হবে। শিক্ষা সবজনীন বিষয়। দেশের প্রত্যেক মানুষের সাথে সম্পৃক্ত। আমরা চেষ্টা করবো বেশিসংখ্যক মানুষের সাথে কথা বলতে।

গতকাল কমিশন গঠনের পর চূড়ান্ত রিপোর্ট দেয়ার জন্য ৬ মাসের সময়সীমা বেঁধে দেয়া হয়েছে। কমিশনের অন্য সদস্যরা হচ্ছেন শিক্ষা সচিব, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বর্তমান উপাচার্য অধ্যাপক এস.এম.এ ফায়েজ, ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহাম্মদ মুস্তাফিজুর রহমান, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মুহম্মদ মুস্তাফিজুর রহমান, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. আলী মুর্তজা, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম.এ হাদী, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ড. এম শমসের আলী, নর্থসাউথ ইউনিভার্সিটির উপাচার্য ড. হাফিজ জি.এ সিদ্দিকী, ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটির উপাচার্য ড. বজলুল মবিন চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপ-উপাচার্য অধ্যাপক ওয়াকিল আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামান, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সাবেক মহাপরিচালক আজিজ আহমেদ চৌধুরী, কারিগরি শিক্ষা অধিদপ্তরের সাবেক মহাপরিচালক আবদুর রফিক, বাংলাদেশ শিক্ষক কর্মচারী ঐক্যপরিষদের সভাপতি এবং মোহাম্মদপুর কেন্দ্রীয় কলেজের অধ্যক্ষ এম. শরিফুল ইসলাম, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের সাবেক পরিচালক অধ্যাপক গিয়াসউদ্দিন আহমদ, ঢাকা আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ, ভিকারুননিসা নূন স্কুল ও কলেজের অধ্যক্ষ রোয়েনা হোসেন, স্কলাসটিকার অধ্যক্ষ ইয়াসমিন মোর্শেদ, পরিকল্পনা কমিশনের সাবেক যুগ্ম প্রধান সালমা খান, মণিপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সবদার আলী এবং বাংলাদেশ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো. সেলিম ভূঁইয়া। শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব আবদুল ওয়াহাব কমিশনের সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।